দৈনিক খবর

তারিখ 19 APR 1988
পৃষ্ঠা ৪ কলাম 2

007

কুষ্টিয়ায় ১০৩ জন ডিগ্রী পরীক্ষার্থী বহিষ্কার

# পরীক্ষার হলে লাঠিসোঁটা নিয়ে বহিরাগতদের হামলা

কুষ্টিয়া, ১৮ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।— আজ ডিগ্রী পরীক্ষার তৃতীয় দিনে কুষ্টিয়া সরকারী কলেজ কেন্দ্র থেকে ১০৩ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে।

গতকাল পরীক্ষার দ্বিতীয় দিনে পরীক্ষা শুরু হবার প্রায় দেড় ঘন্টা পর ৪৪ নম্বর কক্ষে জনৈক ছাত্রের সাথে পরিদর্শক শিক্ষকের কথা কাটাকাটি হলে প্রতিটি কক্ষ থেকে শিক্ষকরা বেরিয়ে আসেন। এর কিছুক্ষণ পর হঠাৎ ২০/২৫ জন বহিরাগত যুবক লাঠিসোঁটা নিয়ে হলের মধ্যে ঢুকে ছাত্রদের উপর অতর্কিত হামলা চালায়। এ সময় তারা বেশ কিছু খাতা এবং আসবাবপত্র তছনছ করে। ফলে পরীক্ষার্থীরা ভীত হয়ে হল ছেড়ে অন্যত্র পালিয়ে যেতে বাধ্য হয় বলে প্রত্যক্ষদর্শীরা জানায়।

উপাধ্যক্ষ জানান, গতকাল ২৬৯ খানা খাতা জমা পড়েনি। এবং পরবর্তী সময় ১০৩ খানা খাতা বাইরের বিভিন্ন স্থান থেকে উদ্ধার করা হয়। এ হামলায় ১১ জন ছাত্র আহত হয়েছে বলে পরীক্ষার্থীরা জানায়। এ সময় উপস্থিত পুলিশ নীরব ভূমিকা পালন করে।

উল্লেখ্য, চলতি বছর সম্ভাব্য গোলযোগ এড়ানোর জন্য মেহেরপুর ও আলমডাঙ্গা পরীক্ষা কেন্দ্র দু'টি কুষ্টিয়া স্থানান্তর করা হয়। এ দুই কেন্দ্রের প্রায় দেড় হাজার ছাত্রের প্রতি স্থানীয় শিক্ষকরা পরীক্ষার প্রথম থেকেই বিমাতাসুলভ আচরণ করছিল বলে ছাত্ররা অভিযোগ করে। ছাত্ররা আরো জানায়, দেড় ঘন্টা অতিবাহিত হবার পরও অনেক কক্ষে ছাত্রদের উপস্থিতি দেয়া হয়নি। পরীক্ষায় স্থানীয় ছাত্রদের অতিরিক্ত সময় দেয়া হয়েছে বলেও তারা জানায়।